# বি-আর পাওয়ারজেন লিঃ (বিআরপিএল)

আইইবি ভবন, ৮/এ, রমনা, ঢাকা-১০০০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ২৭.৩১.০০০০.০০০.০০৫.২৩.০০১৫.২৬.১৬২ তারিখ: ১৭-০৬-২০২৬ খ্রি:

বি-আর পাওয়ারজেন লি: (বিআরপিএল) একটি সরকারি বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন |
|---|---|---|---|
| ১. | উপ-ব্যবস্থাপক (আইসিটি) (পে গ্রেড-৬) | ০১ টি | মূল বেতনঃ ৭০,০০০/- |
| ২. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল-৪টি ও মেকানিক্যাল-৪টি) (পে গ্রেড-৮) | ০৮ টি | মূল বেতনঃ ৫২,০০০/- |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন) (পে গ্রেড-৮) | ০১ টি | মূল বেতনঃ ৫২,০০০/- |
| ৪. | জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ/হিসাব) (পে গ্রেড-১০) | ০২ টি | মূল বেতনঃ ৪০,০০০/- |
| ৫. | জুনিয়র সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন) (পে গ্রেড-১০) | ০১ টি | মূল বেতনঃ ৪০,০০০/- |
| ৬. | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল-৫টি, মেকানিক্যাল-৫টি ও পাওয়ার-১টি) (পে গ্রেড-১০) | ১১ টি | মূল বেতনঃ ৪০,০০০/- |
| ৭. | সহকারী হিসাবরক্ষক (পে গ্রেড-১৩) | ০১ টি | মূল বেতনঃ ২৬,০০০/- |
| ৮. | স্টোর সহকারী (পে গ্রেড-১৩) | ০১ টি | মূল বেতনঃ ২৬,০০০/- |
| ৯. | ড্রাইভার (হালকা) (পে গ্রেড-১৫) | ০২ টি | মূল বেতনঃ ২০,০০০/- |
| ১০. | মালী (পে গ্রেড-১৯) | ০১ টি | মূল বেতনঃ ১৪,৫০০/- |
| ১১. | ক্লিনার (পে গ্রেড-১৯) | ০২ টি | মূল বেতনঃ ১৪,৫০০/- |

আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ: ১২-০৭-২০২৬ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। বিস্তারিত দেখতে ভিজিট করুন: **http://brpgen.teletalk.com.bd** অথবা **https://brpowergen.gov.bd** ওয়েবসাইটে।

রহমান

মোঃ ওয়াহিদুর রহমান

জিএম (এইচআর ও এডমিন)

GD-1586

# বি-আর পাওয়ারজেন লিঃ (বিআরপিএল)

আইইবি ভবন, ৮/এ, রমনা, ঢাকা-১০০০

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্মারক নং- ২৭.৩১.০০০০.০০০.০০৫.২৩.০০১৫.২৬.১৬২ তারিখ: ১৭-০৬-২০২৬খ্রি:

বি-আর পাওয়ারজেন লি: (বিআরপিএল) একটি সরকারি বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান। বর্ণিত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://brpgen.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্র:নং | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | উপ-ব্যবস্থাপক (আইসিটি)<br>(পে গ্রেড-৬)<br>মূল বেতনঃ টাকা ৭০,০০০.০০ | ০১ (এক) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে CSE/IT/ICT/ECE/ETE/CS বিষয়ে ন্যূনতম স্নাতক।<br>বিদ্যুৎ উৎপাদন/সঞ্চালন/বিতরণ সংস্থায় সহকারী ব্যবস্থাপক বা সমমানের পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>(পে গ্রেড-৮)<br>মূল বেতনঃ টাকা ৫২,০০০.০০ | ০৪ (চার) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে Electrical/Electrical & Electronic বিষয়ে ন্যূনতম স্নাতক। |
| ৩। | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>(পে গ্রেড-৮)<br>মূল বেতনঃ টাকা ৫২,০০০.০০ | ০৪ (চার) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে Mechanical বিষয়ে ন্যূনতম স্নাতক। |
| ৪। | সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন)<br>(পে গ্রেড-৮)<br>মূল বেতনঃ টাকা ৫২,০০০.০০ | ০১ (এক) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে HRM/Management বা সংশ্লিষ্ট যে কোনো বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর। |
| ৫। | জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ/হিসাব)<br>(পে গ্রেড-১০)<br>মূল বেতনঃ টাকা ৪০,০০০.০০ | ০২ (দুই) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে Commerce/ Finance/Accounting বিষয়ে ন্যূনতম স্নাতক বা BBA (Accounting/Finance) |
| ৬। | জুনিয়র সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন)<br>(পে গ্রেড-১০)<br>মূল বেতনঃ টাকা ৪০,০০০.০০ | ০১ (এক) টি | স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে HRM/Management বা সংশ্লিষ্ট যে কোনো বিষয়ে ন্যূনতম স্নাতক। |
| ৭। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>(পে গ্রেড-১০)<br>মূল বেতনঃ টাকা ৪০,০০০.০০ | ০৫ (পাঁচ) টি | স্বীকৃত যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে Electrical Engineering বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা। |
| ৮। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>(পে গ্রেড-১০)<br>মূল বেতনঃ টাকা ৪০,০০০.০০ | ০৫ (পাঁচ) টি | স্বীকৃত যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে Mechanical Engineering বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা। |

চলমান

| ক্র:নং | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ৯। | উপ-সহকারী প্রকৌশলী (পাওয়ার)<br>(পে গ্রেড-১০)<br>মূল বেতনঃ টাকা ৪০,০০০.০০ | ০১ (এক) টি | স্বীকৃত যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে Power Engineering বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা। |
| ১০। | সহকারী হিসাবরক্ষক<br>(পে গ্রেড-১৩)<br>মূল বেতনঃ টাকা ২৬,০০০.০০ | ০১ (এক) টি | বাণিজ্যে স্নাতক। |
| ১১। | স্টোর সহকারী<br>(পে গ্রেড-১৩)<br>মূল বেতনঃ টাকা ২৬,০০০.০০ | ০১ (এক) টি | স্নাতক অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি। |
| ১২। | ড্রাইভার (হালকা)<br>(পে গ্রেড-১৫)<br>মূল বেতনঃ টাকা ২০,০০০.০০ | ০২ (দুই) টি | জে.এস.সি বা সমমান পাসসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ন্যূনতম ০৩ (তিন) বছরের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩। | মালী<br>(পে গ্রেড-১৯)<br>মূল বেতনঃ টাকা ১৪,৫০০.০০ | ০১ (এক) টি | জে.এস.সি বা সমমান পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪। | ক্লিনার<br>(পে গ্রেড-১৯)<br>মূল বেতনঃ টাকা ১৪,৫০০.০০ | ০২ (দুই) টি | জে.এস.সি বা সমমান পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |

**আর্থিক সুবিধাদিঃ** কোম্পানির বিদ্যমান বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি।

**আবেদনের শর্তাবলীঃ**

**১। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক) ২২/০৬/২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১নং ক্রমিকের পদের জন্য সর্বোচ্চ ৩৫ বছর এবং ২ হতে ১৪ নং ক্রমিকের পদের জন্য সর্বোচ্চ ৩২ বছর। **বিআরপিএল এর বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।** বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা সরকারি মালিকানাধীন কোম্পানীতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অনলাইনে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ প্রতিষ্ঠান থেকে অব্যাহতি প্রদান করা হবে মর্মে ছাড়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন হলে তা অনুসরণ করা হবে।

ঘ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদ সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে ও সকল কাগজপত্রের এক সেট ফটোকপি দাখিল করতে হবে:

(১) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে), প্রশিক্ষণ সনদ এবং অনলাইনে পূরণকৃত Application Form।

(২) বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

(৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র, জেলা প্রশাসক ব্যতীত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

(৪) শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দপ্তরের লেটার হেড প্যাডে এবং প্রতিবন্ধী সংক্রান্ত আইডেনটিটি কার্ড এর সত্যায়িত কপি।

(৫) তৃতীয় লিঙ্গ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

চলমান

২। শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না। ক্রমিক নং-১ হতে ৯ নং পদের জন্য গ্রেডিং সিস্টেমে পাসের ক্ষেত্রে ৫ স্কেলে ন্যূনতম ৩.০ ও এবং ৪ স্কেলে ন্যূনতম ২.৫০ প্রাপ্ত হতে হবে এবং ক্রমিক নং-১০ ও ১১ নং পদের জন্য গ্রেডিং সিস্টেমে পাসের ক্ষেত্রে ৫ স্কেলে ন্যূনতম ২.৫০ ও এবং ৪ স্কেলে ন্যূনতম ২.২৫ প্রাপ্ত হতে হবে।

৩। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। অনলাইনে যথাযথভাবে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৪। **বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশী হতে পারে।**

৫। কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী প্রার্থীদের Short List প্রণয়ন করে পরীক্ষায় অংশগ্রহণে প্রার্থীতা নির্ধারণ করতে পারবে।

৬। আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম নিবন্ধন সনদ জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে স্বামীর NID সহ স্থায়ী ঠিকানার সনদপত্র এবং সে অনুযায়ী প্রার্থীর নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

৭। প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ অবশ্যই কোন প্রতিষ্ঠান থেকে থাকতে হবে। অভিজ্ঞতার সনদে সময়কাল সুনির্দিষ্ট তারিখ উল্লেখসহ অভিজ্ঞতার সনদ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে হতে হবে এবং প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নং/ট্রেড লাইসেন্স নং (তারিখসহ) ও ফোন নং, ঠিকানা থাকতে হবে। এছাড়া সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষরের সাথে নাম, তারিখ ও দাপ্তরিক সীল থাকতে হবে।

৮। কোন ক্ষেত্রে তথ্য ও কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে বা তৎপরবর্তীতে উক্ত প্রার্থীর প্রার্থিতা প্রার্থীকে কোনরূপ অবহিত করণ ব্যতিরেকে বাতিল করা হবে। কোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://brpgen.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২২/০৬/২০২৬ খ্রি: সকাল ১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/০৭/২০২৬ খ্রি: বিকাল ৫.০০ টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর সাম্প্রতিক (অনধিক ০৩ মাসের মধ্যে) তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবিদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিণ ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ০১ নং হতে ৯নং পদের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ১০ নং হতে ১২নং পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১৩ ও ১৪নং পদের জন্য

আবেদন ফি ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS: BRPGEN<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BRPGEN ABCDEF
Reply: Applicant's Name, Tk-112/56- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BRPGEN <Space> Yes < Space>PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS: BRPGEN<space>YES<Space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BRPGEN YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BRPGEN Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://brpgen.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ user ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:
**BRPGEN**<space>**Help**<space>**User**<space>**User ID** Send To 16222.
Example : BRPGEN HELP USER ABCDEF & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে:
**BRPGEN**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send To 16222.
Example: BRPGEN HELP PIN 12345678 & Send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বি-আর পাওয়ারজেন লিঃ এর ওয়েবসাইট **www.brpowergen.gov.bd** এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা wahidur.rahman@brpowergen.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail / মেসেজ এর Subject- এ Organization Name: BRPGEN, Post Name: *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

চলমান

**ট. ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

বি-আর পাওয়ারজেন লিঃ এর ওয়েবসাইটে প্রবেশ এর **QR Code**

বি-আর পাওয়ারজেন লিঃ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর **QR Code**

**(মোঃ ওয়াহিদুর রহমান)**
জিএম (এইচআর ও এডমিন)